সংবাদ

তারিখ ... 31 AUG 2016 ...
পৃষ্ঠা ১৬ ... কলাম ৪ ... ......

জবি হল আন্দোলন

# অনশন ভাঙল শিক্ষার্থীরা নতুন কর্মসূচি

- ৪ সেপ্টেম্বর শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক
- থার্মেক্স গ্রুপ নতুন হল নির্মাণ করে দেবে

প্রতিনিধি, জবি

হলের দাবিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শিক্ষার্থীদের অনশন ধর্মঘট ভাঙালেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। গতকাল দুপুর ১২টার দিকে জবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিনের নেতৃত্বে শিক্ষক নেতারা এ অনশন কর্মসূচি ভাঙান। এর আগে সকাল ৯টার দিকে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী অনশন শুরু করেন আন্দোলনকারী শিক্ষার্থীরা। দুপুর ১২টার একটু আগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা শিক্ষার্থীদের জুস পান করিয়ে অনশন ভাঙান।

এদিকে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ বিষয়ে কথা বলার জন্য আগামী ৪ সেপ্টেম্বর বেলা সাড়ে ১১টায় সচিবালয়ে তার কার্যালয়ে সময় দিয়েছেন। সেই আলোচনায় অংশ নিবেন জবি শিক্ষক নেতারা। এ বিষয়ে জবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক নূরে আবদুল্লাহ বলেন, 'শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে আমরা আবাসন সংকট নিয়ে আলোচনা করব।

**নতুন কর্মসূচি :** এ সময় আগামী ৪ সেপ্টেম্বর পর্যন্ত ছাত্র ধর্মঘট পালন করার ঘোষণা করেন জবি হল পুনরুদ্ধার ছাত্র সংগ্রাম পরিষদের আহ্বায়ক ও শাখা ছাত্রলীগের সভাপতি এফএম শরিফুল ইসলাম। পাশাপাশি আজ জামায়াতের ডাকা হরতালে যাতে কোন ধরনের নেতিবাচক ঘটনা না ঘটে সেজন্য বুধবারের কর্মসূচি স্থগিত রাখা হয়।

**নতুন হলের ঘোষণা :** জবির শিক্ষার্থীদের জন্য একটি হল নির্মাণ করে দেয়ার ঘোষণা দিয়েছেন থার্মেক্স গ্রুপের চেয়ারম্যান আলহাজ আ. কাদির মোল্লা। আগামী বছর ১ জানুয়ারি কেরানীগঞ্জে জবির দ্বিতীয় ক্যাম্পাসে হলটির নির্মাণ কাজ শুরু করবে থার্মেক্স গ্রুপ। সোমবার রাতে জবি ভিসি অধ্যাপক ড. মীজানুর রহমানসহ একটি প্রতিনিধিদল আ. কাদির মোল্লার সঙ্গে কাকরাইলে তার কার্যালয়ে সাক্ষাৎ করেন। এ সময় পূর্ব প্রতিশ্রুতি অনুযায়ী হল নির্মাণ করে দেয়ার ঘোষণা

অনশন : পৃষ্ঠা : ২ ক : ১

**অনশন : ভাঙল**

(১৬ পৃষ্ঠার পর)

দেন আ. কাদির মোল্লা। ঈদুল আজহার ছুটি শেষে এ উপলক্ষে জবি এবং থার্মেক্স গ্রুপের মধ্যে 'মেমোরেন্ডাম অফ আন্ডারস্টান্ডিং (এমওইউ)' স্বাক্ষরিত হবে। উক্ত হলে ১ হাজার শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা থাকবে বলে জানা যায়।